২৩১

দৈনিক ইনকিলাব

তারিখ ... OCT. 12 1999 ...
পৃষ্ঠা ৭ ... কলাম ৬ ......

# বুধ ও বৃহস্পতিবার দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘটের ডাক

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ আগামীকাল (বুধবার) ও পরশু (বৃহস্পতিবার) দেশের সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট। অবিলম্বে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় খুলে দেয়াসহ বর্ধিত ফি সম্পূর্ণ প্রত্যাহার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের চিহ্নিত ৬০ সন্ত্রাসীসহ সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানের সন্ত্রাসীদের অবিলম্বে গ্রেফতার ও বিচারের দাবীতে গণতান্ত্রিক ছাত্রঐক্য আগামীকাল ছাত্র ধর্মঘটের আহবান করে। একই দাবীতে পাঁচটি ছাত্র সংগঠন জাতীয় ছাত্রদল, ছাত্র ফেডারেশন, বিপ্লবী ছাত্র মৈত্রী, ছাত্রঐক্য ফোরাম ও বিপ্লবী ছাত্র সংঘ আগামীকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘটের কর্মসূচী দিয়েছে।